

Ex/CBCS/BNG/UG/CORE/4.2/60/2019

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯
(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)
সাম্মানিক বাংলা
রবীন্দ্রসাহিত্য, পর্ব - ১
কোর্স : ইউ.জি.: কোর : ৪.২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. কে 'বিসর্জন'-এর নায়ক? রঘুপতি, গোবিন্দমাণিক্য না জয়সিংহ?
আলোচনা করে দেখাও। ১০
অথবা
২. 'লিরিক' 'ড্রামাটিক'-এর কোনো দ্বন্দ্ব কি শেষ পর্যন্ত দেখতে পাও
'বিসর্জন' নাটকে? আলোচনা করো। ১০
৩. 'বিনোদিনী' পালটে 'চোখের বালি' করেছিলেন রবীন্দ্রনাথ। উপন্যাসের
এই নাম-বদল কি যথাযথ বলে তুমি মনে কর? যুক্তিসহ নিজের মত
প্রতিষ্ঠা করো। ১০
অথবা
৪. অল্পবয়সী বিধবা যুবতী সে, এবং তার প্রেমই উপন্যাসের অন্যতম
বিষয়, তবুও বিনোদিনী কিন্তু রোহিণী বা কুন্দনন্দিনী নয়— মন্তব্যটি বিচার
করো। ১০

(Turn over)

(2)

৫. কাহিনীর আভাস নয়, রবীন্দ্রনাথের ছোটগল্পে অনেক সময়ে গল্পের নাম এক বাড়তি ব্যঞ্জনা নিয়ে আসে। তোমার পাঠ্য ‘শান্তি’ অথবা ‘ছুটি’ গল্পটি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০
৬. ‘মানসী’ কাব্যগ্রন্থের ‘মেঘদূত’ কবিতাটিতে কালিদাসের জগৎই কি শেষ কথা হয়ে রইল, না কি রবীন্দ্রনাথ প্রাচীন কাব্যের সূত্র ধরে বিরহের এক অভিনব তাৎপর্যে কবিতাটিকে পৌঁছে দিলেন তিনি? যুক্তিসহ নিজের অভিমত জানাও। ১০
- অথবা
৭. ‘যেতে নাহি দিব’ কবিতার প্রধান ভাবনাটি বিচিত্র চিত্রকল্পের সমাহারে কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো। ১০